

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৭

- २. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)
- পরিচ্ছেদঃ কুর'আন পাঠের দিকদিয়ে মু'মিন ও পাপিষ্ঠ ব্যক্তির উদাহরণ

ذِكْرُ مَثَل الْمُؤْمِن وَالْفَاجِرِ إِذَا قَرَأً الْقُرْآنَ

আরবী

767 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنسٍ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَثَلُ الْمُؤْمِنِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ كَمَثَلِ الْأُتُرُجَّة طَعْمُهَا طيِّبٌ وَرِيحُهَا طيِّبٌ وَمَثَلُ الْمُؤْمِنِ الَّذِي لَا يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الثَّمْرَةِ طَعْمُهَا طيِّبٌ وَلَا رِيحَ لَهَا وَمَثَلُ الْفَاجِرِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الرَّيْحَانَةِ رِيحُهَا طيِّبٌ وَطَعْمُهَا مُرُّ وَمَثَلُ الْفَاجِرِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الرَّيْحَانَةِ رِيحُهَا طيِّبٌ وَطَعْمُهَا مُرُّ وَمَثَلُ الْفَاجِرِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الْحَنْظَلَةِ طَعْمُهَا مُرُّ وَلَا رِيحَ لَهَا يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الْحَنْظَلَةِ طَعْمُهَا مُرُّ وَلَا رِيحَ لَها اللَّهُ إِلَّا يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الْحَنْظَلَةِ طَعْمُهَا مُرُّ وَمَثَلُ الْفَاجِرِ الَّذِي لَا يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الْحَنْظَلَةِ طَعْمُهَا مُرُّ وَلَا رِيحَ لَها)

الراوي: أبو مُوسَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 767 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬৭. আবু মুসা আশ'আরী রাদ্বিয়াল্লাহু তা'আলা থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেন, "ঐ মু'মিন ব্যক্তি, যিনি কুরআন পড়েন, তার দৃষ্টান্ত হলো কমলা লেবুর মত; যা খেতেও সুস্বাদু, ঘ্রাণও সুন্দর। ঐ মু'মিন ব্যক্তি, যিনি কুরআন পড়েন না, তার দৃষ্টান্ত হলো খেজুরের মত; যা খেতে মিষ্টি কিন্তু তাতে কোন ঘ্রাণ নেই। পাপী ব্যক্তি, যে কুর'আন পড়ে, তার দৃষ্টান্ত হলো পুদিনা গুলোর মত; যার ঘ্রাণ সুন্দর কিন্তু খেতে বিস্বাদ। পাপী ব্যক্তি, যে কুর'আন পড়ে না, তার দৃষ্টান্ত হলো তিক্ত শশার মত; যার কোন ঘ্রাণ নেই, আর খেতেও তিক্ত।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫০২০; সহীহ মুসলিম: ৭৯৭; আবু দাউদ: ৪৮৩০; তিরমিযী: ২৮৬৫; ইবনু মাজাহ: ২১৪;



শারহুস সুন্নাহ: ১১৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন